

## | NSW শিক্ষা বিভাগ

## COVID-19 হালনাগাত পরামর্শ

১৪ই আগস্ট ২০২০ তারিখে [NSW Health](#) স্কুলের জন্য COVID-19 বিষয়ক নতুন পরামর্শ প্রদান করেছে। এটি আমাদের স্কুল পরিচালনার পদ্ধতিতে পরিবর্তন আনবে।

1. যেসকল শিশু সর্দি বা ফ্লু জাতীয় লক্ষণ নিয়ে অসুস্থ, তাদের সামান্য লক্ষণ থাকলেও তাদের বাড়িতে থাকা উচিত। যে শিশুরা স্কুলে অসুস্থ হয়ে পড়বে তাদের অসুস্থ বেডে রাখা হবে এবং তাদের বাড়িতে নিয়ে যাওয়ার ব্যবস্থা করা হবে।
  - অসুস্থ বা এমনকি হালকা ফ্লু জাতীয় লক্ষণ রয়েছে এমন কাউকে তাদের স্থানীয় চিকিৎসক বা [COVID-19 clinics](#) (ক্লিনিকের) মাধ্যমে পরীক্ষা করার জন্য উৎসাহিত করতে NSW স্বাস্থ্য বিভাগ স্কুলগুলোকে অনুরোধ করেছে।
  - ফ্লু জাতীয় লক্ষণযুক্ত শিক্ষার্থী এবং কর্মীদের স্কুলে ফিরে যাওয়ার অনুমতি দেওয়ার আগে COVID-19 পরীক্ষার নেগেটিভ ফলাফলের একটি অনুলিপি সরবরাহ করতে হবে।
2. যেখানে সম্ভব, কাছাকাছি যোগাযোগকে সীমাবদ্ধ করার জন্য শিক্ষার্থীরা তাদের স্কুলের মধ্যে সমস্ত শিক্ষামূলক কার্যক্রমের জন্য তারা নিজেদের দলের মধ্যে (অর্থাৎ নিজেদের ক্লাশ, বর্ষ দল বা পর্যায়) অবস্থান করবে।
3. স্কুলগুলোতে অপ্রয়োজনীয় দর্শনের অনুমোদন নেই। আপনি যদি স্কুলের কোনও শিক্ষক বা কর্মী সদস্যের সাথে কথা বলতে চান তবে স্কুলে ফোন করে আপনাকে একটি সাক্ষাতের ব্যবস্থা করা উচিত। সাক্ষাৎ ফোনে বা ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে হবে।
4. আন্তঃস্কুলের কার্যক্রম অবশ্যই স্থানীয় কমিউনিটি বা এলাকার মধ্যে থাকা উচিত। বৃহত্তর জমায়েতের ক্রীড়া আন্দোলন বা অনুরূপ কার্যক্রম যেখানে দুটির বেশি স্কুল থাকবে তার অনুমতি নেই।
5. সকল দলীয় সঙ্গীত এবং/ অথবা উচ্চস্বর ব্যবহার করতে হয় এমন কার্যক্রমের পাশাপাশি দলীয়ভাবে উয়িন্ড ইন্সট্রুমেন্ট ব্যবহারের অনুমতি নেই। উচ্চ বিদ্যালয় সনদপত্র (HSC) শিক্ষার্থীদের জন্য বিশেষ ব্যবস্থা রয়েছে।
6. Year 11 এবং Year 12 শিক্ষার্থী যারা (HSC) পরীক্ষার বিষয়গুলো সম্পূর্ণ করেছে কেবলমাত্র তারা অন্যান্য ক্যাম্পাসগুলোতে প্রাপ্ত বিষয়গুলো সম্পর্কিত ক্লাস / কার্যক্রমে যোগ দিতে পারে। Year 11-এর শিক্ষার্থী যারা HSC পরীক্ষার বিষয়গুলো সম্পূর্ণ করছেন তারা সহ অন্যান্য সমস্ত শিক্ষার্থী Term 3 -র বাকী অংশের জন্য অন্যান্য ক্যাম্পাসগুলোতে অংশ নিতে পারবে না। TAFE এবং অন্যান্য VET প্রোগ্রাম চলতে পারে।

যদিও ২০২১ সালের জন্য কিন্ডারগার্টেন ওরিয়েন্টেশনগুলো মূলতবী রাখা হয়েছে, [department's website](#)- এর মাধ্যমে এর সম্পর্কে ভালো পরামর্শ পেতে পারেন। এই পরামর্শগুলো কিন্ডারগার্টেনে যাওয়ার জন্য শিক্ষার্থীদের উচ্ছ্বসিত এবং আবদ্ধ রাখতে সহায়তা করবে।

পরিবর্তনগুলো সম্পর্কে আরও জানতে আপনার স্কুলের সাথে একটি সাক্ষাতের ব্যবস্থা করুন।

### টেলিফোন দোভাষী সেবা

আপনার যদি আরও তথ্যের প্রয়োজন হয় তাহলে আপনার স্কুলের অধ্যক্ষকে ফোন করুন। আপনার অনুসন্ধান সহায়তার জন্য যদি আপনার একজন দোভাষীর সহায়তা প্রয়োজন হয়, দয়া করে টেলিফোন দোভাষী সেবায় 13 14 50 নম্বরে কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য বলুন। বিনামূল্যে আপনাকে এই সেবা দেয়া হবে।